অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/17/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল হারকাইমার কাউন্টিতে থ্রুওয়ের উপরের ব্রিজ পুনর্বাসন করার জন্য 4.7 মিলিয়ন মার্কিন ডলারের প্রকল্পের কাজ শুরুর ঘোষণা করলেন

প্রকল্পে নতুন কংক্রিট ডেক এবং উপকাঠামোর মেরামত রয়েছে

প্রকল্পের কাজ 2025 সালের ফল মৌসুমে শেষ হবে বলে আশা করা যাচ্ছে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে হারকাইমার কাউন্টির স্টার্লিং ক্রিকের (মাইলফলক 227.4 এবং 227.41) উপরের I-90 পূর্বমুখী এবং পশ্চিমমুখী ব্রিজ পুনর্বাসনের জন্য 4.7 মিলিয়ন মার্কিন ডলারের প্রকল্পের কাজ শুরু হয়েছে। এক্সিট 30 (হারকাইমার - মোহক - NY রুট 28) এবং এক্সিট 31 (ইউটিকা - I-790 - NY রুট 8 এবং 12) এর মধ্যকার ব্রিজগুলি 1954 সালে নির্মিত হয়েছিলো এবং প্রতিদিন আনুমানিক 26,000 যানবাহন এর উপর দিয়ে যাত্রা করে। ব্রিজগুলি মূল নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ে (New York State Thruway) সিস্টেমের অংশ এবং 60 বছরের বেশি পুরোনো 75 শতাংশ থ্রুওয়ে ব্রিজের মধ্যে এগুলিও রয়েছে।

"পুরো স্টেটে আমাদের অবকাঠামোর পুনর্গঠন ও উন্নয়নে নিউ ইয়র্ক বিনিয়োগ করছে, আমাদের পরিবহন ব্যবস্থা যাতে নিরাপদ ও নির্ভরযোগ্য থাকে তা নিশ্চিত করছে," **গভর্নর হোকল বলেন।** "এই প্রকল্পটি হলো থ্রুওয়েকে উন্নত করা এবং সকল বাসিন্দা ও পর্যটকদের জন্য আমাদের রাস্তাকে আরো কার্যকর করা নিশ্চিত করতে বহু প্রকল্পের মধ্যে একটি।"

থ্রুওয়ে কর্তৃপক্ষের (Thruway Authority) ভারপ্রাপ্ত নির্বাহী কর্মকর্তা ফ্র্যাঙ্ক হোয়ার এস্কয়ার বলেন, "বয়িষ্ণু অবকাঠামোর সমাধান করতে এবং নিরাপত্তা ও নির্ভরযোগ্যতা উন্নত করার প্রকল্পে বিনিয়োগ করতে থ্রুওয়ে কর্তৃপক্ষ প্রতিশ্রুতিবদ্ধ। আমাদের রাস্তার আধুনিকায়ন, পুরো সিস্টেমের গুরুত্বপূর্ণ অবকাঠামো প্রকল্পে বিনিয়োগ করার মাধ্যমে টোল থেকে পাওয়া মুনাফা পুনরায় সিস্টেমে বিনিয়োগ করার জন্য থ্রুওয়ের বহু ডজন প্রকল্পের মধ্যে এটি একটি।"

প্রকল্পতে রয়েছে আংশিক গভীরতার কংক্রিট উপকাঠামোর মেরামত, নতুন বিয়ারিং স্থাপন করা, একটি নতুন কংক্রিট ডেকের নির্মাণ করা, নতুন গাইডরেল এবং নতুন স্ট্রাইপিং এবং একই সাথে ব্রিজের উভয় পাশের দিকে যাওয়া 200 ফুট রাস্তায় পেভিং। এই সপ্তাহ থেকে শুরু করে I-90 এর উপরে ব্রিজের সকল পূর্বমুখী ও পশ্চিমমুখী ট্র্যাফিককে পশ্চিমমুখী লেনে স্থানান্তর করা হবে যাতে পূর্বমুখী ব্রিজে কাজ করা যায়।

2024 সালের ফল মৌসুমে নতুন পূর্বমুখী ব্রিজটির কাজ শেষ হলে, তখন শীতকালের জন্য ট্র্যাফিককে মূল কনফিগারেশনে ফেরত নিয়ে আসা হবে। 2025 জলের বসন্ত মৌসুমে, সকল ট্র্যাফিককে পূর্বমুখী লেনে স্থানান্তর করা হবে এবং পশ্চিমমুখী ব্রিজে কাজ শুরু হবে। মোটরচালকেরা নির্মাণকাজ চলাকালে থ্রুওয়েতে ধীরগতির ট্র্যাফিক বা স্টপেজের সম্মুখীন হতে পারে। বিভিন্ন ধরনের বার্তাযুক্ত সাইনগুলো মোটরযান চালকদের নির্মাণকাজ সম্পর্কে অবহিত করবে। একটি প্রতিযোগিতামূলক নিলাম প্রক্রিয়ার পর প্রকল্পের ঠিকাদার হয়েছে নিউ ইয়র্কের অ্যামস্টারডামের উইন কনস্ট্রাকশন কর্পোরেশন। প্রকল্পের কাজ 2025 সালের ফল মৌসুমে শেষ হবে বলে আশা করা যাচ্ছে। কাজটি আবহাওয়ার উপর নির্ভর করবে এবং তারিখ পরিবর্তন হতে পারে।

অ্যাসেম্বলি সদস্য রবার্ট স্মুলেন বলেন, "হারকাইমার কাউন্টির স্টার্লিং ক্রিকের উপরের I-90 পূর্বমূর্খী ও পশ্চিমমুখী ব্রিজ সংস্কার করার জন্য 4.7 মিলিয়ন মার্কিন ডলারের এই পুনর্বাসন প্রকল্পের মতো মোহক ভ্যালিতে সংস্থান ফেরত প্রদান করা গুরুত্বপূর্ণ। এই ব্রিজ দুইটি এখন 70 বছর পুরোনো এবং প্রতিদিন নিরাপদে পারাপার করার জন্য এখানে নিয়মিত যাত্রা করা দৈনিক 26,000 এর বেশি যাত্রীর জন্য এদের যথাযথভাবে রক্ষণাবেক্ষণ করতে হবে। হারকাইমার কাউন্টির বাসিন্দা এবং প্রথম সাড়াদানকারীর জন্য এটি জানা জরুরি যে আমাদের স্থানীয় ব্রিজ এবং অবকাঠামোকে স্টেট পর্যায়ে নিরাপদ করা হচ্ছে, এবং 2025 সালের ফল মৌসুমে এইসব পুনরুজ্জীবন প্রয়াস সম্পূর্ণ হতে দেখার জন্য আমি উন্মুখ।"

যানবাহনের চালকদের সতর্ক থাকতে এবং কাজের এলাকায় নির্দেশিত গতির সীমা অনুসরণ করতে অনুরোধ করা হয়। একটি ওয়ার্ক জোনে গতিসীমা লঙ্ঘন করার জরিমানা দ্বিগুণ।

একটি কর্মক্ষেত্রে শ্রমিকদের সুরক্ষা আরো বাড়ানোর জন্য, গভর্নর হোকল অটোমেটেড ওয়ার্ক জোন স্পিড এনফোর্সমেন্ট (Automated Work Zone Speed Enforcement) পাইলট প্রোগ্রাম প্রতিষ্ঠার আইনে স্বাক্ষর করেছেন। নিরাপত্তা প্রয়োগকারী কর্মসূচিটি 2023 সালের এপ্রিল মাসে শুরু হয়ে এবং থ্রুওয়ের বিভিন্ন সক্রিয় নির্মাণ কাজের জোনে কার্যকর রয়েছে। গতিসীমার ক্যামেরা সহ ওয়ার্ক জোনে, ওয়ার্ক জোন পর্যন্ত স্পষ্ট সাইনেজ থাকবে। ওয়ার্ক জোনে লিখিত গতিসীমা লঙ্ঘন করা মোটরচালকদের জরিমানা করা হবে। লঙ্ঘনের জরিমানা যানবাহনের নিবন্ধিত মালিককে মেইলের মাধ্যমে প্রেরণ করা হবে। কর্মসূচি সম্পর্কে আরো তথ্য এখানে পাওয়া যাবে।

2021 সাল থেকে থ্রুওয়ে কর্তৃপক্ষ সিরাকিউজ ডিভিশনের প্রকল্পসমূহে ক্যাপিটাল উন্নয়নের জন্য 182.5 মিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ করেছে, ডিভিশনটি হারকাইমার ও অন্টারিও কাউন্টির মধ্যে আনুমানিক 153 মাইল জুড়ে বিস্তৃত। আগামী পাঁচ বছর ধরে, থ্রুওয়ে কর্তৃপক্ষের ক্যাপিটাল কর্মসূচি সেন্ট্রাল নিউ ইয়র্ক অঞ্চলে 395.5 মিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ করবে বলে অনুমান করা যাচ্ছে।

সর্বশেষ যাতায়াতের তথ্যের জন্য মোটরচালকদেরকে থ্রুওয়ে কর্তৃপক্ষের মোবাইল অ্যাপ ডাউনলোড করার জন্য উৎসাহিত করা হচ্ছে, যা আইফোন এবং এন্ড্রয়েড ব্যবহারকারীদের জন্য উপলভ্য আছে। অ্যাপটি চলার পথে মোটরযান চালকদের রিয়েল-টাইম ট্রাফিক ও দিক-নির্দেশনা সংক্রান্ত সহায়তা প্রদান করে। এছাড়াও ভ্রমণকারীরা থ্রুওয়ে কর্তৃপক্ষের ইন্টারেক্টিভ

ট্রাভেলার ম্যাপ ভিজিট করতে পারবে যেখানে লাইভ ট্র্যাফিক ক্যামেরা দেখা যায়। এছাড়াও বাস্তব সময়ের ট্র্যাফিক আপডেটের জন্য ভ্রমণকারীরা থ্রুওয়ে কর্তৃপক্ষের ইন্টারেক্টিভ ট্রাভেলার ম্যাপ ভিজিট করতে পারবে এবং ট্র্যাফিক তথ্যের জন্য ট্রান্সঅ্যালার্টসে (TRANSalerts) এ সাইনআপ করতে পারবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন